তারিখ ... 28 Mar 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

# আজ জাকসু নির্বাচন ঃ কড়া পুলিশ পাহারার ব্যবস্থা

জাহাঙ্গীরনগর, ২৭শে মার্চ (বিশ্ববিদ্যালয় রিপোর্টার)।– আগামীকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু)–এর নির্বাচন অনুষ্ঠিত হবে। এতদসংক্রান্ত সকল আয়োজন সম্পন্ন হয়েছে। ক্যাম্পাসে কড়া পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়েছে।

জাতীয়তাবাদী ছাত্রদল ও বাংলাদেশ ছাত্রলীগ (হা–অ) সমর্থিত আশরাফ–আসগর এবং খোকন–জাহাঙ্গীর প্যানেলের মধ্যে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হবে বলে ধারণা করা হচ্ছে। সোমবার রাত ১২টা পর্যন্ত এই দুই প্যানেলের প্রার্থীদের প্রচারণা তুঙ্গে ছিল। রাত ১২টার পর নির্বাচনী মিছিল মিটিং বন্ধ থাকলেও প্রার্থীরা ব্যক্তিগতভাবে প্রচারণা অব্যাহত রেখেছেন।

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## আজ জাকসু

প্রথম পৃষ্ঠার পর

৭ম জাকসু নির্বাচনে ৭টি প্যানেলে মোট ১২৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে ভিপি পদে ১১ জন, জিএস পদে ৭ জন, এজিএস পদে ৯ জন, মিলনায়তন সম্পাদক পদে ৭ জন, মহিলা সম্পাদক পদে ১০ জন, সমাজ সেবা সম্পাদক পদে ৯ জন, সাহিত্য সম্পাদক পদে ৮ জন, চিত্ত বিনোদন সম্পাদক পদে ৯ জন, নাট্য সম্পাদক পদে ১০ জন, ক্রীড়া সম্পাদক পদে ১০, জন সহক্রীড়া সম্পাদক পদে ৭ জন এবং সদস্য পদে ৪৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। জাকসুতে মোট পদের সংখ্যা ১৬টি। মোট ভোটার সংখ্যা ২১৮৪। এর মধ্যে মহিলা ভোটার সংখ্যা ৫৬৬।

দুই মহিলা হল এবং মীর মোশাররফ হোসেন হলে খোকন–জাহাঙ্গীর প্যানেলের সমর্থকদের আধিক্য লক্ষ্য করা যায়। অন্য তিনটি হলে ছাত্রদলের প্রাধান্য লক্ষ্য করা যায়। তবে একক প্রাধান্য বিস্তার করা উভয় প্যানেলের জন্যই কষ্টকর হবে।

সকাল ৯টা থেকে ভোট গ্রহণ শুরু হবে এবং বিরতিহীনভাবে দুপুর ৩টা পর্যন্ত চলবে। ভোট গ্রহণ শেষে কলাভবনে কেন্দ্রীয়ভাবে ভোট গণনা করা হবে। আগামী বৃহস্পতিবার নাগাদ ফলাফল ঘোষণা করবে বলে আশা করা যায়।